যুগান্তর

তারিখ ...21 MAY 2016...
পৃষ্ঠা ...১৬... কলাম ...৪... ......

# মোরেলগঞ্জে শ্লীলতাহানির তদন্ত চলাকালে স্কুলশিক্ষিকা লাঞ্ছিত

**বাগেরহাট ও মোরেলগঞ্জ প্রতিনিধি**

মোরেলগঞ্জে প্রধান শিক্ষক কর্তৃক সহকারী শিক্ষিকার শ্লীলতাহানির অভিযোগের তদন্ত চলাকালে বহিরাগতরা লাঞ্ছিত করেছে অভিযোগকারী শিক্ষিকাকে। বৃহস্পতিবার দুপুর ২টার দিকে বারইখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। ঘটনার সময় প্রধান শিক্ষক কর্তৃক সহকারী শিক্ষিকাকে কুপ্রস্তাব ও শ্লীলতাহানির অভিযোগের তদন্ত চলছিল। পরিস্থিতি সামাল দিতে ব্যর্থ হওয়ায় তদন্তকারী কর্মকর্তা সহকারী উপজেলা শিক্ষা অফিসার মামুনুর রশিদ ও মোস্তাকিম বিল্লাহ ওই সময় তদন্ত কার্যক্রম বন্ধ করে সহকারী শিক্ষিকাকে পালিয়ে আত্মরক্ষার পরামর্শ দেন। শিক্ষিকা বলেন, 'তদন্ত চলাকালে ক্ষমতাসীন দলের সাবেক দুই ছাত্র নেতা প্রধান শিক্ষকের পক্ষ হয়ে আমাকে অকথ্য ভাষায় গালিগালাজ করে। এক পর্যায়ে আমার ইচ্ছার বিরুদ্ধে মোবাইল ফোন দিয়ে বেশ ছবি তুলে নেয় এবং তা ইন্টারনেটে ছড়িয়ে দেয়ারও হুমকি দেয়। পরে তদন্তকারী কর্মকর্তাদের পরামর্শে আমার স্বামীকে খবর দিয়ে বিদ্যালয় থেকে পালিয়ে আত্মরক্ষা করি'। উপজেলা শিক্ষা অফিসার আনিসুর রহমান বিকালে এ ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ ওবায়দুর রহমান বলেন, ঘটনার শিকার সেই শিক্ষিকা লিখিতভাবে অভিযোগ করেছেন। খুব দ্রুতই যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।